



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৩/০২/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

মহান ভাষার মাস উপলক্ষে পাবিপ্রবিতে আয়োজিত হল বিশেষ ওয়েবিনার

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাস উপলক্ষে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ২ ফেব্রুয়ারি সন্ধ্যা পাঁচটায় মাতৃভাষায় বিজ্ঞান গবেষণা ও বিজ্ঞান চর্চার উপর একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে বক্তা হিসেবে সংযুক্ত ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়, ভারত এর ড. গৌতম গঙ্গোপাধ্যায়, আর, এম, আই, টি, অস্ট্রেলিয়া এর ড. প্রদীপ দেব এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্যোতির্বিজ্ঞান বিভাগ, ওহাইও স্টেট বিশ্ববিদ্যালয়, কলম্বাস, মার্কিন যুক্তরাষ্ট্র এর অধ্যাপক ড. সুলতানা এন.নাহার।

বক্তারা বিজ্ঞান চর্চায় মাতৃভাষার গুরুত্ব তুলে ধরেন এবং অনেক দিক নির্দেশনামূলক কথা বলেন। গত ১ ফেব্রুয়ারি মহান ভাষার মাস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাস উপলক্ষে আরেকটি বিশেষ ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে “পরিসংখ্যানিক অন্বেষণ” এর উপর। যেখানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাণিতিক বিজ্ঞান বিভাগ, বল স্টেট বিশ্ববিদ্যালয়, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্র এর অধ্যাপক ড. রহমতউল্লাহ ইমন।

ইতিমধ্যে পাবিপ্রবির পদার্থবিজ্ঞান বিভাগ ১২৩ টি ওয়েবিনার সফলতার সহিত আয়োজন করেছে। যার মধ্যে দুইজন নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী ছিল। এই ওয়েবিনার গুলোর মাধ্যমে দেশের ও দেশের বাহিরের পদার্থবিজ্ঞানের সকল ছাত্র-ছাত্রীগণ নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানীর সান্নিধ্যে আসতে পারছেন এবং অনেক কিছু শিখতে পারবেন।

ইতিমধ্যে এই আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনারগুলোতে বিশ্বসেরা পদার্থবিজ্ঞানীরা বক্তব্য দিয়েছেন এবং আগামীতে আরও অনেক খ্যাতিমান পদার্থবিজ্ঞানীরা বক্তব্য রাখবেন। ওয়েবিনারগুলো পদার্থবিজ্ঞানের শিক্ষার্থীসহ বিজ্ঞানের সকল শাখার শিক্ষার্থীদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। ওয়েবিনারগুলো বাংলাদেশ, ভারত, আমেরিকা, আর্জেন্টিনা, চীন, তাইওয়ান, অস্ট্রেলিয়া, গ্রিস, রোমানিয়া, সুইজারল্যান্ড, ইতালি, নেদারল্যান্ড, ফ্রান্স, জার্মানি, জাপান, কানাডা, যুক্তরাষ্ট্র, তুরস্কসহ বিশ্বের বিভিন্ন দেশের পদার্থবিজ্ঞানীদের কাছে সুখ্যাতি অর্জন করেছে।

আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনার'র সঞ্চালক ও পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. প্রীতম কুমার দাস বলেন, বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার। আর করোনাকালীন এই সময়ে সরকার শিক্ষার ক্ষেত্রে যে অবদান রেখে চলেছে তা ধরে রাখতে ও শিক্ষার্থীরা যেন বিজ্ঞানমনস্কতা থেকে দূরে সবে না যায় সেই জন্য আমাদের এই ওয়েবিনারগুলো আয়োজন করা। পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের কাছে পদার্থবিজ্ঞানকে প্রানবন্ত করতে আমরা আরও নতুন নতুন পদক্ষেপ গ্রহণ করবো।

বার্তা প্রেরক-

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইলঃ-০১৭১১৯৪২২১২